



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/28/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো ব্যবসা প্রতিষ্ঠানে মাস্ক বা মুখ-আবরণ না পরা ব্যক্তিদের প্রবেশ নিষিদ্ধ করার জন্য নির্বাহী আদেশ জারি করেছেন

*মাস্ক পরার, টেস্টিং এবং সামাজিক দূরত্বের গুরুত্বের উপর যোগাযোগ এবং শিক্ষাকে প্রচার করার জন্য রোজি পেরেস এবং ক্রিস রক এর সাথে অংশীদার হয়েছেন*

*ঘোষণা করা হয়েছে যে আজ নিউ ইয়র্ক শহরের কঠিনভাবে আক্রান্ত এলাকায় স্টেট 1 মিলিয়ন মাস্ক বিতরণ করবে*

*ঘোষণা করা হয়েছে যে, MTAসাবওয়ে গাড়ি এবং জু ফ্যাসিলিটিজের মধ্যের COVID-19 হত্যা করতে UV লাইট প্রযুক্তি ব্যবহারের সূচনা করবে*

*নিউ ইয়র্ক স্টেটে আরও 1,768 জনের করোনাভাইরাস নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 366,733-এ নিয়ে এসেছে; 42টি কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনা পাওয়া গেছে*

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি নির্বাহী আদেশ জারি করেছেন, যারা মাস্ক বা মুখ-আবরণ পরবেন না ব্যবসা প্রতিষ্ঠান এমন ব্যক্তির প্রতিষ্ঠানে প্রবেশ নিষিদ্ধ করার জন্য অনুমোদন লাভ করবে। নির্বাহী আদেশে নিউ ইয়র্কের বাসিন্দাকে রক্ষা ও সংক্রমণের বিস্তার মন্থর করার জন্য স্টেটের চলমান প্রচেষ্টার প্রতিফলন হয়েছে

গভর্নর কুওমো রোজি পেরেস এবং ক্রিস রক-এর সাথে একটি অংশীদারিত্বের কথা ঘোষণা করেছেন, যারা নিউ ইয়র্ক স্টেটের সাথে যোগাযোগ রক্ষা ও তাদের শিক্ষা দিতে সাহায্য করবেন যাতে তারা মাস্ক পরার ও সামাজিক দূরত্বের গুরুত্ব বোঝে এবং স্টেটে টেস্টিং ও স্বাস্থ্যসেবার সহজলভ্যতা সম্পর্কে জানতে পারে।

গভর্নর আরও ঘোষণা করেছেন যে আজ নিউ ইয়র্ক শহরের কঠিনভাবে আক্রান্ত এলাকায় নিউ ইয়র্ক স্টেট 1 মিলিয়ন মাস্ক বিতরণ করবে। ইতোমধ্যে স্টেট নিউ ইয়র্ক শহর জুড়ে 8 মিলিয়নের বেশি মাস্ক বিতরণ করেছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York

City Housing Authority, NYCHA) উন্নয়ন প্রকল্পে, ফুড ব্যাংক, গির্জা ও গৃহহীনদের আশ্রয়কেন্দ্র। নিউ ইয়র্ক স্টেট সারা স্টেটে একটি ব্যাপক টেস্টিং নেটওয়ার্ক বজায় রেখেছে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটিতে 225টিরও বেশি স্থান রয়েছে। নিউ ইয়র্কের ব্যাপক পরীক্ষা-নিরীক্ষা কার্যক্রমের ফলে — স্টেট বর্তমানে প্রতিদিন দশ হাজার পরীক্ষা পরিচালনা করে থাকে — এখন সরকারের অতিরিক্ত রসদ ও অন্যান্য সাহায্য কোনো কঠিনভাবে সংক্রমিত এলাকাতে প্রয়োজন তা চিহ্নিত করতে পারবেন।

গভর্নর আরও ঘোষণা করেন যে, সাবওয়ে গাড়ি ও ক্রু সুবিধায় COVID-19 হত্যার জন্য মহানগর পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) প্রমাণিত অতিবেগুনী (Ultraviolet, UV) লাইট প্রযুক্তি ব্যবহারের সূচনা করবেন। MTA বর্তমানে প্রতিদিন ট্রেন পরিষ্কার ও জীবাণুমুক্ত করছে।

"আমি মাস্ক সম্পর্কে এই বার্তাটি প্রচার করার জন্য কাজ করছি যে সেগুলো কতটা কার্যকর। এগুলো অবিশ্বাস্যভাবে কার্যকর, এগুলো দারুণভাবে কার্যকর। এবং আমরা পাবলিক সেটিংস, পাবলিক ট্রান্সপোর্টেশন, ইত্যাদির ক্ষেত্রে এগুলোর ব্যবহার বাধ্যতামূলক করেছি," **গভর্নর কুওমো বলেন।** "কিন্তু আমরা যখন দোকান এবং ব্যবসার জায়গা খুলে দেওয়ার কথা বলছি, আমরা দোকান মালিকদের বলার অধিকার দিচ্ছি, আপনি যদি মাস্ক না পরে থাকেন, তাহলে আপনি আসতে পারবেন না। সেই দোকান মালিকের নিজেদের রক্ষা করার অধিকার আছে। ঐ স্টোরে মালিকের অন্য পূর্ণপোষকদের রক্ষা করার অধিকারও তার রয়েছে। মাস্ক পরতে চান না, ঠিক আছে। কিন্তু যদি ঐ দোকানের মালিক আপনাকে না চায়, তাহলে আপনার ঐ স্টোরে প্রবেশের কোনো অধিকার নেই।"

পরিশেষে, গভর্নর আরও 1,768 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 366,733-তে নিয়ে এসেছে। মোট 366,733 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগোলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,814	18
Allegany	45	0
Broome	545	17
Cattaraugus	85	3
Cayuga	84	4
Chautauqua	81	3
Chemung	136	0
Chenango	126	1
Clinton	95	0

Columbia	380	0
Cortland	39	0
Delaware	78	0
Dutchess	3,867	20
Erie	5,886	76
Essex	36	0
Franklin	20	0
Fulton	200	2
Genesee	197	2
Greene	236	5
Hamilton	5	0
Herkimer	106	1
Jefferson	72	0
Lewis	20	0
Livingston	118	0
Madison	310	0
Monroe	2,824	33
Montgomery	82	0
Nassau	40,140	106
Niagara	984	12
NYC	201,051	1,083
Oneida	959	30
Onondaga	2054	21
Ontario	201	3
Orange	10,325	33
Orleans	212	2
Oswego	107	2
Otsego	70	1
Putnam	1,236	9
Rensselaer	469	3
Rockland	13,076	29
Saratoga	468	3
Schenectady	676	3
Schoharie	49	0
Schuyler	11	0
Seneca	56	1

St. Lawrence	201	1
Steuben	241	0
Suffolk	39,359	101
Sullivan	1,351	11
Tioga	126	2
Tompkins	156	1
Ulster	1,658	13
Warren	253	1
Washington	231	3
Wayne	112	2
Westchester	33,293	107
Wyoming	82	0
Yates	39	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)